দৈনিক জনকণ্ঠ

তারিখ 08 FEB 1996
পৃষ্ঠা ১ কলাম ৬

# বিশ্ববিদ্যালয় বন্ধের জন্য চাপ সৃষ্টি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ সরকার সমর্থিত ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট সদস্যরা বিশ্ববিদ্যালয় বন্ধের জন্য চাপ সৃষ্টি করেছেন। অন্যদিকে বিরোধী দল সমর্থিত সদস্যরা চান বিশ্ববিদ্যালয় খোলা থাক। এ প্রসঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের জরুরী সভায় বুধবার দু'পক্ষের সিন্ডিকেট সদস্যরা দেড় ঘণ্টাব্যাপী তুমুল বিতর্কে লিপ্ত হন। অবশেষে সিদ্ধান্ত ছাড়াই মুলতবি হয় জরুরী সভা। আজ বৃহস্পতিবার আবারও মুলতবি সভা অনুষ্ঠিত হবে। জানা যায়, আগামী ১৭ ফেব্রুয়ারি ঈদ-উল-ফিতর

(শেষ পৃষ্ঠা ৬ কঃ দেখুন)

## বিশ্ববিদ্যালয় বন্ধের

(প্রথম পাতার পর)

উপলক্ষে বিশ্ববিদ্যালয় বন্ধ হবার কথা। আওয়ামী লীগ সমর্থিত নীল দলীয় সিন্ডিকেট সদস্যরা চান নির্ধারিত সময়ে বিশ্ববিদ্যালয় বন্ধ হোক। অন্যদিকে সরকারী দল সমর্থিত সিন্ডিকেট সদস্যরা জাতীয় রাজনৈতিক অবস্থা ও বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিবেশ অবনতির দিকে অগ্রসর হওয়ার আশঙ্কা প্রকাশ করে দু'একদিনের মধ্যে বিশ্ববিদ্যালয় বন্ধের ব্যাপারে মত প্রকাশ করেন। সভায় সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমদ।

### ঢাঃ বিঃ শিক্ষক সমিতি

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ক্যাম্পাসে রক্তক্ষয়ী সংঘর্ষের আশঙ্কা করেছে। বুধবার সমিতির কার্যকরী পরিষদের জরুরী সভায় বলা হয়, ক্যাম্পাসে আমরা বহিরাগত খুনী ও অস্ত্রধারীর আনাগোনা দেখতে পাচ্ছি, যা রক্তক্ষয়ী সংঘর্ষের পূর্বাভাস। সভায় সভাপতিত্ব করেন সমিতির সভাপতি অধ্যাপক এটিএম জহুরুল হক।